রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১২, ২০২৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/২২ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং-৩৭৯-আইন/২০২২।**—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই প্রবিধানমালা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা) প্রবিধানমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) **'আইন'** অর্থ স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন);

(খ) **'কর্পোরেশন'** অর্থ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;

(গ) **'কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি'** অর্থ প্রবিধান ১৩ এর অধীন গঠিত কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি;

(ঘ) **'কাউন্সিলর'** অর্থ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কোনো কাউন্সিলর;

(ঙ) **'পরিসীমা'** অর্থ কর্পোরেশন কর্তৃক অনুমোদিত বাজারের নির্দিষ্ট ভৌগোলিক সীমা;

(চ) **'প্রধান সড়ক'** অর্থ ২ (দুই) বা ততোধিক লেন বিশিষ্ট সড়ক যে স্থানে প্রতিটি লেনের প্রস্থ হইবে ন্যূনতম ৩.০৫ মিটার;

(ছ) **'বেসরকারি বাজার'** অর্থ সরকার ব্যতীত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে এক বা একাধিক ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার মালিকানাধীন কোনো জমি, স্থায়ী বা অস্থায়ী অবকাঠামো বা খোলা জায়গা, যে স্থানে বহু সংখ্যক ক্রেতা বিক্রেতার মধ্যে খাদ্যদ্রব্য, ভোগ্যপণ্য, শাক-সবজি, পানীয়, পশু-পাখিসহ দৈনন্দিন নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী পূর্ব নির্ধারিত অথবা দর কষাকষির মাধ্যমে ক্রয়-বিক্রয় সম্পাদিত হইয়া থাকে, তবে কোনো সুপার শপ বা শপিং মল ইহার অর্ন্তভুক্ত হইবে না;

(জ) **'বেসরকারি বাজার পরিচালনা কমিটি'** অর্থ প্রবিধান ১১ এর অধীন গঠিত বেসরকারি বাজার পরিচালনা কমিটি;

(ঝ) **'মেয়র'** অর্থ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র; এবং

(ঞ) **'লাইসেন্স'** অর্থ কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত নির্দিষ্ট পরিসীমাভুক্ত বেসরকারি বাজারের অনুকূলে বাণিজ্য অনুমতিপত্র।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ ও অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন।**—বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে লাইসেন্সের জন্য আবেদনকারীকে প্রবিধান ৮ এ উল্লিখিত আবেদন ফি জমা প্রদান করিয়া ফরম-১ অনুযায়ী কর্পোরেশনের নিকট আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, প্রস্তাবিত বেসরকারি বাজারের হোল্ডিং এর মালিক একাধিক হইলে, যৌথভাবে আবেদন করা যাইবে এবং মালিক ব্যতীত অন্য কোনো ব্যক্তি আবেদন করিলে তাহাকে উক্ত মালিকের নিকট হইতে আইনসম্মত ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত সংযোজন করিতে হইবে।

৪। **লাইসেন্সের আবেদন যাচাই-বাছাই পদ্ধতি।—(১)** আবেদন প্রাপ্তির অন্যূন ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কর্পোরেশনের সম্পত্তি বিভাগ আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক আবেদনকৃত স্থানে বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা করিবার সম্ভাব্যতা এবং যৌক্তিকতার একটি সার-সংক্ষেপ প্রস্তুত করিয়া কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করিবে।

(২) কর্পোরেশনের সম্পত্তি বিভাগ প্রস্তাবিত বেসরকারি বাজার প্রতিষ্ঠার সম্ভাব্যতা যাচাইকালে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা:

(ক) প্রস্তাবিত বাজার একাধিক হোল্ডিং এ অবস্থিত হইলে, উক্ত হোল্ডিং এর মালিকগণকে যৌথভাবে নিবন্ধনের জন্য আবেদন করিতে হইবে;

(খ) প্রস্তাবিত বাজারে পুরুষ ও মহিলার জন্য পর্যাপ্ত সংখ্যক পৃথক শৌচাগার ও হাত ধোয়ার ব্যবস্থা থাকিতে হইবে;

(গ) প্রস্তাবিত বাজারের কারণে পথচারী ও যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যাইবে না;

(ঘ) প্রস্তাবিত বাজার কেবল বেসরকারি মালিকানাধীন জমিতে প্রতিষ্ঠা ও পরিচালনা করা যাইবে; এবং

(ঙ) প্রস্তাবিত বাজার সরকারি মালিকানাধীন ভূমি, কোনো সড়ক অথবা সাধারণের চলাচলের পথে প্রতিষ্ঠা করা যাইবে না।

৫। **লাইসেন্স প্রদান।—(১)** সম্পত্তি বিভাগ কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটির নিকট হইতে প্রতিবেদন প্রাপ্তির ৩ (তিন) কার্য দিবসের মধ্যে উক্ত প্রতিবেদনসহ প্রাপ্ত আবেদন কর্পোরেশনের নিকট প্রেরণ করিবে।

(২) কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটির নিকট হইতে প্রাপ্ত আবেদন ও সম্পত্তি বিভাগ হইতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করিয়া ১৫ (পনেরো) কার্য দিবসের মধ্যে সিদ্ধান্ত প্রদান করিবে।

(৩) আবেদন মঞ্জুর করা হইলে, লাইসেন্স ফি জমাকরণ ও প্রয়োজনীয় শর্তাবলি পূরণ সাপেক্ষে, সম্পত্তি বিভাগ হইতে বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য আবেদনকারীকে ফরম-২ অনুযায়ী পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লাইসেন্স প্রদান করিবে।

(৪) আবেদন নামঞ্জুর করা হইলে নামঞ্জুরের সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৬। **লাইসেন্সের মেয়াদ।**—লাইসেন্সের মেয়াদ হইবে ১ (এক) বৎসর অর্থাৎ বাংলা সনের ১ বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত।

৭। **লাইসেন্স নবায়নের পদ্ধতি।**—(১) লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার অন্যূন ৩০ (ত্রিশ) কার্যদিবস পূর্বে লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ফরম-১ অনুযায়ী কর্পোরেশনের সম্পত্তি বিভাগের নিকট আবেদন করিতে হইবে।

(২) লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সম্পত্তি বিভাগ উহা যাচাইক্রমে প্রতিবেদনসহ কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি'র নিকট উপস্থাপন করিবে।

(৩) কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটির প্রতিবেদন, লাইসেন্স নবায়নের প্রাপ্ত আবেদন ও সম্পত্তি বিভাগ হইতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করিয়া ৭ (সাত) কার্য দিবসের মধ্যে সিদ্ধান্ত প্রদান করিবে।

(৪) লাইসেন্স নবায়নের আবেদন মঞ্জুর হইলে নবায়ন ফি জমাকরণ ও প্রয়োজনীয় শর্তাবলি পূরণসাপেক্ষে পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ফরম-২ অনুযায়ী লাইসেন্স নবায়ন করা হইবে।

(৫) লাইসেন্স নবায়নের আবেদন নামঞ্জুর করা হইলে উহার সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৮। **ফি।**—(১) লাইসেন্সের জন্য আবেদন ফি হইবে ৫০০ (পাঁচশত) টাকা।

(২) নির্মিত বা নির্মিতব্য বেসরকারি বাজারের লাইসেন্সের বাৎসরিক ফি হইবে—

(ক) প্রধান সড়কের পাশে অবস্থিত হইলে বাজারের পরিসীমাভুক্ত প্রতি বর্গমিটারের জন্য ২১৫ (দুইশত পনেরো) টাকা; এবং

(খ) অন্যান্য পর্যায়ের সড়কের পাশে অবস্থিত হইলে প্রতি বর্গমিটারের জন্য ১০৮ (একশত আট) টাকা।

(৩) লাইসেন্স নবায়ন ফি হইবে লাইসেন্স ফি এর সমপরিমাণ অর্থ।

(৪) লাইসেন্স ফি ও লাইসেন্স নবায়ন ফি ঢাকাস্থ যে কোনো তফসিলি ব্যাংক হইতে মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর অনুকূলে ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, চালান, ই-চালান, মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে কর্পোরেশনের সংশ্লিষ্ট খাত বা কোডে জমা প্রদান করিতে হইবে এবং আবেদনের সহিত ফি জমাকরণ এর স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করিয়া কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সরকারি বিধি অনুযায়ী মূল্য সংযোজন কর (ভ্যাট) পরিশোধ করিতে হইবে।

৯। **লাইসেন্স বাতিল ও স্থগিত**।– কোনো বেসরকারি বাজারের লাইসেন্সধারী লাইসেন্সের শর্ত ভঙ্গ করিলে কর্তৃপক্ষ যে কোনো সময় শুনানি গ্রহণান্তে যথাযথ কারণ উল্লেখপূর্বক উক্ত লাইসেন্স বাতিল বা ইহার কার্যকারিতা স্থগিত করিতে পারিবে এবং উহা লিখিতভাবে উক্ত লাইসেন্সধারীকে অবহিত করিবে।

১০। **পুনর্বিবেচনা (Review) ও আপীল (Appeal)**।—(১) বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা বা লাইসেন্স নবায়নের আবেদন নামঞ্জুর হইলে অথবা লাইসেন্স বাতিল বা স্থগিত হইলে সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান নামঞ্জুর আদেশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য মেয়রের নিকট আবেদন করিতে পারিবেন এবং মেয়র ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে এই প্রবিধানমালার সহিত সামঞ্জস্যপূর্ণ যে কোনো আদেশ প্রদান করিয়া উহা নিষ্পত্তি করিতে পারিবেন।

(২) মেয়র কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত আদেশ প্রদানের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট আপীল করিতে পারিবেন এবং সরকার কর্তৃক প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১১। **বেসরকারি বাজার পরিচালনা কমিটি**।- (১) প্রত্যেকটি বেসরকারি বাজার পরিচালনার নিমিত্ত নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত একটি বেসরকারি বাজার পরিচালনা কমিটি থাকিবে, যথা:—

| | | |
|---|---|---|
| (১) | সভাপতি | - ১ জন |
| (২) | সহ-সভাপতি | - ১ জন |
| (৩) | সদস্য সচিব | - ১ জন |
| (৪) | অর্থ সম্পাদক | - ১ জন |
| (৫) | সদস্য | - ১ জন (কর্পোরেশন কর্তৃক মনোনীত একজন কর্মচারী) |
| (৬) | সদস্য | - ১ জন (দোকান মালিকদের প্রতিনিধি) |
| (৭) | সদস্য | - ১ জন (অস্থায়ী ক্ষুদ্র ব্যবসায়ীদের প্রতিনিধি)। |

(২) ক্রমিক (৫) এ উল্লিখিত সদস্য ব্যতীত, উপ-প্রবিধান (১) এর অধীন গঠিত কমিটির অবশিষ্ট সকল সদস্য প্রত্যক্ষ ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন।

**১২। বেসরকারি বাজার পরিচালনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি।—বেসরকারি বাজার পরিচালনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-**

(ক) বেসরকারি বাজারের বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং, দৈনন্দিন পরিচালনা, রক্ষণাবেক্ষণ, সমন্বয় ও উন্নয়নসহ সকল কার্যক্রম দেখাশোনা করা;

(খ) নির্ধারিত হারে ভাড়া আদায় ব্যতিত অন্য যে কোনো প্রকার বে-আইনী আদায় বা জোরপূর্বক কোনো আদায় এবং ক্রেতা ও বিক্রেতার হয়রানি রোধ করা;

(গ) বাজারের দৈনন্দিন পণ্যের মূল্য তালিকা স্পষ্টভাবে বোর্ডে প্রদর্শন নিশ্চিতকরণসহ বাজারে অবৈধ, ভেজাল ও নিম্নমানের পণ্য ক্রয়-বিক্রয় বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(ঘ) বাজারে পুরুষ ও মহিলাদের জন্য পর্যাপ্ত সংখ্যক পৃথক শৌচাগার স্থাপন ও হাত ধোয়ার ব্যবস্থা রাখা এবং ঐ সকল স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও পানির সরবরাহ নিশ্চিত করা;

(ঙ) বাজারের বর্জ্য ব্যবস্থাপনা ও জলাবদ্ধতা নিরসনে কার্যকর ভূমিকা পালন করা;

(চ) বাজারের সেবা ও পণ্যমান সম্পর্কে ক্রেতা সাধারণের অভিযোগ নিষ্পত্তি করা;

(ছ) বাজারের বিদ্যমান অবকাঠামো নিরাপদ ও ঝুঁকিমুক্ত রাখা;

(জ) বাজারে দাহ্য পদার্থ, অগ্নি নির্বাপণ ব্যবস্থা, ক্রেতা সাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী যানবাহন নিয়ন্ত্রণ করা; এবং

(ঝ) সুষ্ঠু বাজার ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম গ্রহণ করা।

১৩। **কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি**।- কর্পোরেশনের অধিক্ষেত্রে প্রতিষ্ঠিতব্য বা প্রতিষ্ঠিত বেসরকারি বাজারসমূহের লাইসেন্স প্রদান, নবায়ন ও বাতিল, বাজারের উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, জনস্বাস্থ্য ও জননিরাপত্তাসহ সার্বিক বিষয়ে তদারকি, সিদ্ধান্ত ও নির্দেশনা প্রদানের লক্ষ্যে কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি নামে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি থাকিবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | প্রধান নির্বাহী কর্মকর্তা | - সভাপতি |
| (খ) | সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলর | - সদস্য |
| (গ) | জেলা প্রশাসক, ঢাকা-এর প্রতিনিধি | - সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট অঞ্চলের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা | - সদস্য |
| (ঙ) | প্রধান প্রকৌশলী | - সদস্য |
| (চ) | প্রধান রাজস্ব কর্মকর্তা | - সদস্য |
| (ছ) | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা | - সদস্য |
| (জ) | বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি | - সদস্য |
| (ঝ) | প্রধান সম্পত্তি কর্মকর্তা | - সদস্য-সচিব। |

১৪। **কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি।—কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—**

(ক) কর্পোরেশন এলাকার সকল বেসরকারি বাজারের সুষ্ঠু পরিচালনা ও রক্ষণাবেক্ষণের তদারকি করা;

(খ) প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরিখে বাজারসংখ্যা নির্ধারণ করা;

(গ) সংশ্লিষ্ট বেসরকারি বাজারের লাইসেন্সের আবেদন বা লাইসেন্স নবায়নের আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা;

(ঘ) বেসরকারি বাজারের অবস্থান, সেবা ও পণ্যমান সম্পর্কে কোনো নাগরিকের অভিযোগ গ্রহণ ও উহা নিষ্পত্তি করা;

(ঙ) বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা পালন করা; এবং

(চ) বেসরকারি বাজার পরিচালনা কমিটির কার্যক্রম পরিবীক্ষণ করা।

১৫। **অভিযোগ ব্যবস্থাপনা ও প্রতিকার।—**(১) সংশ্লিষ্ট বেসরকারি বাজার পরিচালনা কমিটি, ও ক্ষেত্রমত, কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি স্ব স্ব অধিক্ষেত্রে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করিবে।

(২) অভিযোগ অভিযোগ প্রাপ্তির ৪০ (চল্লিশ) কার্যদিবসের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে।

ফরম-১

বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্স/লাইসেন্স নবায়নের জন্য আবেদনপত্র

(প্রবিধান ৩ ও ৭ দ্রষ্টব্য)

আবেদনকারী পূরণ করিবেন

নং .................. ক্রমিক নং ..................

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা-১০০০
www.dscc.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

**বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্স/লাইসেন্স নবায়নের জন্য আবেদনপত্র**

১। বাজারের স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা:...................................................................
(প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নাম এবং প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারীর নাম ও পদবি).......

২। এনআইডি নম্বর:..............................৩। টিআইএন নম্বর:.......................................

৪। প্রস্তাবিত/স্থাপিত বাজারের নাম ও ঠিকানা:.............................................................

৫। যে হোল্ডিংএর ক্ষেত্রে প্রস্তাবিত বাজার প্রতিষ্ঠার লাইসেন্সের জন্য আবেদন করা হইবে:—

| | |
|---|---|
| (ক) হোল্ডিং নম্বর: | (খ) মহল্লা: |
| (গ) রাস্তার নাম ও আইডি (প্রযোজ্য ক্ষেত্রে): | (ঘ) ওয়ার্ড নং: |
| (ঙ) মৌজা ও থানার নাম: | (চ) সিটি জরিপের দাগ নম্বর: |
| (ছ) জমির পরিমাপ (বর্গমিটার): | (জ) জমি/প্লটে বিদ্যমান কাঠামোর বিবরণ: |

৬। হোল্ডিংটির বার্ষিক পৌরকরের পরিমাণ:—

| বাজারটি পৌরকরের অন্তর্ভুক্ত কি না (√ চিহ্ন দিন) | বাণিজ্যিক পৌরকরের পরিমাণ | আবাসিক পৌরকরের পরিমাণ | মোট পৌরকরের পরিমাণ |
|---|---|---|---|
| হ্যাঁ/না | | | |

৭। বাজার বিষয়ক অন্যান্য তথ্য:

| নির্মিত বাজারটির শুরুর তারিখ | নির্মিতব্য বাজারের নির্মাণ শুরুর তারিখ | নির্মিতব্য বাজারটি চালু করার সম্ভাব্য তারিখ |
|---|---|---|
| | | |

৮। বাজারে দোকানের সংখ্যা ও পরিসরের তথ্য:

| সংখ্যা | | | | | বাজারের আয়তন (বর্গমিটার) | | | নিজস্ব গাড়ি পার্কিং সংখ্যা | ভিত্তিতলা (বেইজমেন্ট) সহ তলার সংখ্যা | বাজারের তলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পাকা | সেমি পাকা | কাঁচা | অন্যান্য | মোট | দোকানের মোট আয়তন | নিজস্ব রাস্তা ও অন্যান্য স্থাপনার আয়তন | মোট আয়তন | | | |
| | | | | | | | | | | |

৯। বাজারসংশ্লিষ্ট প্লটের মালিকানা সংক্রান্ত তথ্যাদি:

(ক) মালিকানা, সূত্র ও তারিখ: ক্রয়/উত্তরাধিকার/হেবা/দান/ইজারা/ভাড়া/অন্যান্য(উল্লেখ করুন):

১০। বাজারের পারিপার্শ্বিক অবস্থার বর্ণনা:

(ক) বাজারের নিকটতম দূরত্বে অবস্থিত প্রধান সড়কের নাম: ......দূরত্ব: ..... মিটার ........ ও প্রশস্ততা: ........ মিটার।

(খ) বাজার সংলগ্ন সড়কের নাম: ...................................................... ও প্রশস্ততা: .......................... মিটার।

(গ) বাজারের চৌহদ্দি: উত্তর: ..................দক্ষিণ: .................... পূর্ব: .................... পশ্চিম: .................................।

(ঘ) বাজারের নিকটবর্তী ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মালিকানাধীন বাজারের নাম: ................ও দূরত্ব: ............ মিটার।

(ঙ) আবেদনকৃত বাজারের নিকটবর্তী বেসরকারি মালিকানাধীন বাজারের নাম: .............. ও দূরত্ব: ............ মিটার।

(চ) অন্য কোনো গুরুত্বপূর্ণ তথ্য (যদি থাকে) : .....................................................।

**আবেদনকারীর ঘোষণা:** আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আবেদন পত্রে উল্লিখিত তথ্য এবং সংযোজিত পত্রাদি ও দলিলাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও নির্ভুল। ইহা ছাড়া চাহিত অন্য যে কোনো তথ্য ও দলিলাদি প্রদানেও আমি/আমরা বাধ্য থাকিব। আমার/আমাদের ব্যক্তি/বেসরকারি পর্যায়ে পরিচালিত বাজারের লাইসেন্সের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সকল শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিব।

তারিখ: আবেদনকারীর স্বাক্ষর

মোবাইল নম্বর:

মূল্য: ৫০০ (পাঁচশত) টাকা
(প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে)

---

**শর্তাবলি:**

১। নির্মিত বা নির্মিতব্য বাজারের লাইসেন্সের নির্ধারিত ফি ঢাকাস্থ যে কোনো তফসিলি ব্যাংক হইতে মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, চালান, ই-চালান, মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে কর্পোরেশনের সংশ্লিষ্ট খাত বা কোডে জমা প্রদান করিয়া আবেদনের সহিত ফি জমাকরণ সংক্রান্ত প্রমাণক সংযুক্ত করিয়া দাখিল করিতে হইবে এবং সরকারি বিধি অনুযায়ী ভ্যাট পরিশোধ করিতে হইবে।

২। আবেদনের সহিত নির্মিত বা নির্মিতব্য বাজারটির আয়তন বর্গমিটারে উল্লেখপূর্বক তলাভিত্তিক (পার্কিং ও ভিত্তিতলা/বেইজমেন্ট এলাকাসহ) নকশা ৮৩.৮২ সে.মি.×১১৬.৮৪ সে.মি. পরিমাপের কাগজে প্রিন্ট কপি জমা প্রদান করিতে হইবে এবং নকশায় আবেদনকারীর অমুদ্রিত স্বাক্ষর থাকিতে হইবে। উক্ত নকশায় শাকসবজি, মাছ-মাংস, মুরগি ও গবাদি পশু, ফলমূল ইত্যাদি বিভিন্ন শ্রেণীভুক্ত পণ্যের পৃথক বিক্রয়স্থান সন্নিবেশ করিতে হইবে।

৩। হোল্ডিং মালিক/মালিকগণের ২ (দুই) কপি করিয়া পাসপোর্ট সাইজের ছবি, এনআইডি কার্ড ও টিআইএন সার্টিফিকেটের প্রতিলিপি এবং বাজারের সহিত সংশ্লিষ্ট জমির মালিকানা প্রমাণের প্রয়োজনীয় দলিলাদি, সর্বশেষ/সিটি জরিপ, পর্চা, ভূমি উন্নয়ন কর, ডিসিআর এবং হোল্ডিংটির হালনাগাদ পৌরকর পরিশোধ ও ট্রেড লাইসেন্সের রশিদ/বিলসহ প্রতিটি পাতা সত্যায়িত করিয়া আবেদনপত্রের সহিত সংযোজন করিয়া জমা প্রদান করিতে হইবে।

৪। একটি নির্দিষ্ট বাজার যদি একাধিক হোল্ডিংয়ে অবস্থিত হয়, সেই ক্ষেত্রে হোল্ডিং মালিকদের যৌথভাবে নিবন্ধনের জন্য আবেদন করিতে হইবে।

৫। বাজারের সহিত অন্যূন ৬.১০ (ছয় দশমিক এক শূন্য) মিটার প্রশস্থ রাস্তা থাকিতে হইবে এবং বাজারের অভ্যন্তরের চলাচলের পথ বা গলিসমূহের প্রশস্থতা ন্যূনতম ১.৫২ (এক দশমিক পাঁচ দুই) মিটার থাকিতে হইবে।

৬। বাজারে পুরুষ ও মহিলাগণের জন্য পর্যাপ্ত সংখ্যক পৃথক শৌচাগার ও হাত ধোয়ার ব্যবস্থা থাকিতে হইবে এবং তাহা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবার ব্যবস্থা রাখিতে হইবে।

৭। নির্মিত বা নির্মিতব্য বাজারটির লাইসেন্সের বাৎসরিক ফি হইবে প্রধান সড়কের পাশে অবস্থিত হইলে প্রতি বর্গমিটারের জন্য ২১৫ (দুইশত পনেরো) টাকা এবং অন্যান্য পর্যায়ের সড়কের পাশে অবস্থিত হইলে প্রতি বর্গমিটারের জন্য ১০৮ (একশত আট) টাকা। জমির/অবকাঠামোর মালিককে প্রতি বৎসর উল্লিখিত একই হারে সেবামূল্য জমা করিয়া বাজার পরিচালনার লাইসেন্স নবায়ন করিতে হইবে। উভয় ক্ষেত্রে মূল্য সংযোজন কর (ভ্যাট) প্রদান করিতে হইবে।

৮। বাজারের লাইসেন্স গ্রহণ না করিয়া বাজার পরিচালনা করা হইলে, উক্ত বাজারের লাইসেন্স সেবামূল্যের উপর ৫% হারে মাসিক জরিমানা ধার্য্য করা হইবে।

৯। কেবল বেসরকারি মালিকানাধীন জমিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুমতিক্রমে বেসরকারিভাবে বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা করা যাইবে। কোনোভাবেই কোনো সড়ক বা রেল লাইন অথবা সাধারণের চলাচলের পথে বাজার প্রতিষ্ঠা করা যাইবে না। অবৈধভাবে নির্মিত বাজার কর্পোরেশন উচ্ছেদ করিবে।

১০। নির্মিত বাজারে নির্ধারিত পরিসীমার বাহিরে রাস্তায় পণ্য ক্রয় বিক্রয় করা যাইবেনা এবং রাস্তায় পথচারী ও যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যাইবে না। তবে, কর্পোরেশনের পূর্বানুমোদন সাপেক্ষে বাজারের পরিসীমার পরিবর্তন করা যাইবে।

১১। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা) প্রবিধানমালা, ২০২২ অনুযায়ী বর্জ্য ও পয়:নিষ্কাশন, পানি সরবরাহ এবং অগ্নি নির্বাপন ব্যবস্থা থাকিতে হইবে।

১২। কর্পোরেশন নোটিশ দ্বারা বেসরকারি বাজারের মালিককে নির্দিষ্ট সময়ের মধ্যে বাজারের প্রয়োজনীয় নির্মাণ কার্য সম্পন্ন করিবার বা উহাতে প্রয়োজনীয় সুবিধা সংযোজন করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

১৩। নির্দিষ্ট সময়ের মধ্যে বাজারের নির্মাণ কাজ শেষ করিতে হইবে এবং বাজার নির্মাণকালে নির্মাণ সামগ্রীর মাধ্যমে জনস্বার্থের জন্য ক্ষতিকর কোনো কার্যক্রম করা যাইবেনা। বাজার নির্মাণকালে নির্মাণ সামগ্রী কর্পোরেশনের ফুটপাথ/সড়কে রাখা যাইবেনা এবং পারিপার্শ্বিক পরিবেশ ও রাস্তার সৌন্দর্যহানি করা যাইবে না।

১৪। সরকারের বিধিবদ্ধ সংস্থা কর্তৃক অনুমোদিত পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা থাকিতে হইবে। কোনোক্রমেই বাজারের পয়ঃআবর্জনা সিটি কর্পোরেশনের খাল, নালা বা নর্দমায় অপসারণ বা উহার সহিত সংযোগ দেওয়া যাইবে না।

১৫। বাজারে অবৈধ, ভেজাল ও নিম্নমানের পণ্য বিক্রয় এবং কোনো প্রকার বেআইনি কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

১৬। বাজারে অগ্নিনির্বাপণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকিতে হইবে এবং বাজার রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তর হইতে অগ্নি নির্বাপণ বিষয়ক প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

১৭। বাজারে বর্জ্য ব্যবস্থাপনার প্রয়োজনীয় সুবিধা থাকিতে হইবে এবং বাজার ব্যবস্থাপনা কমিটি সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সহিত সমন্বয় করিয়া বাজারের আবর্জনা সংগ্রহ ও অপসারণ নিশ্চিত করিবে।

১৮। একটি ওয়ার্ডে বাজার-সংখ্যা সিটি কর্পোরেশন বেসরকারি বাজার-ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সম্ভাব্যতা যাচাইপূর্বক আবেদনকৃত স্থানের কাছাকাছি সিটি কর্পোরেশনের মালিকানাধীন বাজার অথবা সিটি কর্পোরেশন কর্তৃক নিবন্ধিত বেসরকারি বাজারের অবস্থান, স্থানীয় চাহিদা এবং যানবাহনের চলাচলের উপর স্থাপিতব্য বাজারটির সম্ভাব্য প্রভাব ইত্যাদি বিষয় বিবেচনা করিয়া নির্ধারণ করা হইবে।

১৯। জনস্বার্থ, জননিরাপত্তা ও জনচলাচল বিঘ্নিত হয় এমন কোনো স্থানে বাজার প্রতিষ্ঠা করা যাইবে না।

ফরম-২

বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্স/লাইসেন্স নবায়ন

(প্রবিধান ৫ ও ৭ দ্রষ্টব্য)

নং ............ ক্রমিক নং..............

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা-১০০০
www.dscc.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

**বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্স/লাইসেন্স নবায়ন**

**লাইসেন্স নং: ডিএসসিসি..................**

অর্থ বৎসর: ....................

আবেদনের তারিখ: ......................... ইস্যুর তারিখ: ............................

মেয়াদকাল: ..................................

১। **বাজার মালিকের নাম** :
(ক) পিতার নাম :
(খ) মাতার নাম :
(গ) স্বামী/স্ত্রী'র নাম :
(ঘ) এনআইডি নম্বর :
(ঙ) টিআইএন নম্বর :
(চ) মোবাইল নম্বর :
(ছ) ফোন নম্বর :
(জ) ই-মেইল :

২। **বাজারের হোল্ডিং নম্বর** :
(ক) এলাকার নাম :
(খ) রাস্তার নাম ও আইডি (প্রযোজ্য ক্ষেত্রে) :
(গ) ওয়ার্ড নম্বর :
(ঘ) অঞ্চল নম্বর :
(ঙ) থানা :
(চ) আবেদন ফরম নম্বর :

৩। **বাজার মালিকের বর্তমান ঠিকানা :**
(ক) হোল্ডিং নম্বর :
(খ) গ্রাম/মহল্লা :
(গ) এলাকার নাম :
(ঘ) রাস্তার নাম ও :
(ঙ) আইডি :
(চ) ওয়ার্ড নম্বর :
(ছ) অঞ্চল নম্বর :
(জ) থানা :
(ঝ) পোস্ট কোড :
(ঞ) জেলা :
(ট) বিভাগ :
(ঠ) ফোন নম্বর :

৪। **বাজার মালিকের স্থায়ী ঠিকানা:**
(ক) হোল্ডিং নম্বর :
(খ) গ্রাম/মহল্লা :
(গ) এলাকার নাম :
(ঘ) রাস্তার নাম ও :
(ঙ) আইডি :
(চ) ওয়ার্ড নম্বর :
(ছ) অঞ্চল নম্বর :
(জ) থানা :
(ঝ) পোস্ট কোড :
(ঞ) জেলা :
(ট) বিভাগ :
(ঠ) ফোন নম্বর :

বাজারের অবস্থান: প্রধান সড়কের পাশে/অন্যান্য সড়কের পাশে বাজার পরিচালনার লাইসেন্স/লাইসেন্স নবায়নের ফি:

বাজারের মোট আয়তন (বর্গমিটার):

বকেয়া ফি:

বাজারে মোট দোকানের সংখ্যা:

জরিমানা:

মোট:

ভ্যাট:

সর্বমোট:

কথায়:

**মেয়াদ:** ........./........./..........

**প্রধান সম্পত্তি কর্মকর্তা**

**শর্তাবলি**

১। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে কর্পোরেশন এলাকার মধ্যে কোনো বেসরকারি বাজার প্রতিষ্ঠা করা যাইবে না।

২। কর্পোরেশন হইতে প্রদত্ত লাইসেন্স ১ বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর থাকিবে এবং প্রতি অর্থ বৎসর লাইসেন্স নবায়ন ফি জমা প্রদান করিয়া লাইসেন্স নবায়ন করা যাইবে। প্রতি ৩ (তিন) বৎসর অন্তর কর্পোরেশন সভার অনুমোদন সাপেক্ষে বাজারের নির্ধারিত লাইসেন্স ফি হ্রাস-বৃদ্ধি করা যাইবে।

৩। কর্পোরেশন নোটিশ দ্বারা বেসরকারি বাজারের মালিক/মালিকগণকে নির্দিষ্ট সময়ের মধ্যে বাজারের প্রয়োজনীয় নির্মাণ কার্য সম্পন্ন করিবার বা ইহাতে প্রয়োজনীয় সুবিধাদির ব্যবস্থা করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

৪। প্রতিটি বেসরকারি বাজারে একটি নির্বাচিত বেসরকারি বাজার পরিচালনা কমিটি থাকিবে যাহা সরকারের বিধিবদ্ধ সংস্থা কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। উক্ত কমিটিতে কর্পোরেশনের একজন প্রতিনিধি থাকিবে। বেসরকারি বাজার পরিচালনা কমিটি বাজারের দৈনন্দিন পণ্যের মূল্য তালিকা স্পষ্টভাবে বোর্ডে প্রদর্শন নিশ্চিত করিবে। বাজারে অবৈধ, ভেজাল ও নিম্নমানের পণ্য বিক্রয় বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

৫। বাজারের সেবা ও পণ্যমান সম্পর্কে ক্রেতা সাধারণের অভিযোগ বেসরকারি বাজার পরিচালনা কমিটি কর্তৃক নিষ্পত্তি হইবে। তবে বেসরকারি বাজার পরিচালনা কমিটি উক্তরূপ অভিযোগের প্রতিকার প্রদানে ব্যর্থ হইলে সেই ক্ষেত্রে কর্পোরেশন বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি তা নিষ্পত্তি করিবে।

৬। কর্পোরেশন জনস্বার্থে যে কোনো বেসরকারি বাজার বন্ধ করিয়া দেওয়া অথবা লাইসেন্স বাতিল করিয়া দেওয়া অথবা প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবে।

৭। নির্দিষ্ট সময়ের মধ্যে বাজারের নির্মাণ কাজ শেষ করিতে হইবে। বাজার নির্মাণকালে নির্মাণ সামগ্রীর মাধ্যমে জনস্বার্থের জন্য ক্ষতিকর কোনো কার্যক্রম করা যাইবে না। বাজার নির্মাণকালে নির্মাণ সামগ্রী কর্পোরেশনের নিজস্ব জায়গায় অথবা ফুটপাথ/সড়কে রাখা যাইবে না এবং পারিপার্শ্বিক পরিবেশ ও রাস্তার সৌন্দর্যহানি করা যাইবে না।

৮। বাজারে বর্জ্য ব্যবস্থাপনার প্রয়োজনীয় সুবিধাদি থাকিতে হইবে। সরকারের বিধিবদ্ধ সংস্থা কর্তৃক অনুমোদিত পয়:নিষ্কাশনের ব্যবস্থা থাকিতে হইবে। কোনোক্রমেই বাজারের পয়:আবর্জনা সিটি কর্পোরেশনের খাল, নালা বা ড্রেনে অপসারণ বা সংযোগ দেওয়া যাইবে না। প্রয়োজনে বেসরকারি বাজার ব্যবস্থাপনা কমিটি সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সহিত সমন্বয় করিয়া বাজারের আবর্জনা সংগ্রহ ও অপসারণ নিশ্চিত করিবে।

৯। বাজারে অগ্নি নির্বাপণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকিতে হইবে এবং বাজার রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তর হইতে অগ্নি নির্বাপণ বিষয়ক প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

১০। বাজারে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণ করিতে হইবে। বাজারে পুরুষ ও মহিলাদের জন্য পর্যাপ্ত সংখ্যক পৃথক শৌচাগার থাকিতে হইবে এবং তা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবার ব্যবস্থা রাখিতে হইবে।

১১। নির্মিত বাজারে নির্ধারিত সীমানার বাহিরে রাস্তায় পণ্য ক্রয়-বিক্রয় করা যাইবেনা, রাস্তায় পথচারী ও যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যাইবে না এবং বাজারে ক্রেতা বিক্রেতার জানমালের প্রয়োজনীয় নিরাপত্তা বিধান করিতে হইবে।

১২। বাজারে অবৈধ, ভেজাল ও নিম্নমানের পণ্য বিক্রয় করাসহ কোনো প্রকার অসামাজিক বা আইন শৃঙ্খলার অবনতি হয় এইরূপ কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

১৩। কর্তৃপক্ষ যে কোনো সময় যথাযথ কারণ উল্লেখপূর্বক এই লাইসেন্স বাতিল বা ইহার কার্যকারিতা স্থগিত করিতে পারিবে। কর্পোরেশন কর্তৃক প্রদত্ত এই লাইসেন্স জমির দখল বা মালিকানা স্বত্ব নির্ধারণ করিবে না।

১৪। জনস্বার্থ ও জননিরাপত্তা বিঘ্নিত হয় এইরূপ কোনো স্থানে বাজার স্থাপন করা যাইবে না। বাজার স্থাপনের অনুমতি প্রদানের বিষয়টি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের এখতিয়ারভুক্ত থাকিবে।

১৫। এই লাইসেন্স কোনোক্রমেই সরকারের অন্যান্য প্রতিষ্ঠানের অধিকার বা ক্ষমতাকে খর্ব করিবে না।

১৬। বাজার সংক্রান্ত কোনো তথ্য গোপন করিলে বা ভুল তথ্য প্রদান করিলে প্রদানকৃত লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আদেশক্রমে,

**মোঃ মিজানুর রহমান**
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd